২৯. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৫; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০৩; রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৯; আদ্ দুররুল মুখতার মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৫; বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১৪

৩০. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১৪

৩১. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-২২; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৫; ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৮০; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৪২

৩. স্বর্ণের অলংকারে যদি মণি-মুক্তা থাকে তাহলে শুধু স্বর্ণের মূল্যের উপর যাকাত আসবে। মণি-মুক্তার মূল্যের উপর যাকাত ফরয হবে না এবং অলংকার তৈরীর পারিশ্রমিকও তাতে যুক্ত হবে না।[৩২]

৪. অলংকারের মধ্যে স্বর্ণ ছাড়া অন্য কিছু মিশ্রিত থাকলে, তার যাকাত আদায়ের হুকুম হলো, এই মিশ্রিত অলংকারের স্বর্ণের যে মূল্য হবে, তার শতকরা আড়াই টাকা হারে যাকাত আদায় করতে হবে।[৩৩]

৫. অলংকার যখন নেসাব পরিমাণ হবে তখন বছর অতিক্রান্ত হওয়ার পর যাকাত ফরয হবে। ব্যবহার করুক বা না করুক, নিজের কাছে থাকুক বা ব্যাংকের লকারে থাকুক, সর্বাবস্থায় যাকাত ফরয হবে।[৩৪]

❐ অলংকারের যাকাত মহিলা কীভাবে দেবে

১. যে অলংকারের মালিক মহিলা, তা যদি নেসাব সমপরিমাণ হয়, এর যাকাত আদায় করা মহিলার উপর ফরয। স্বামী যদি অনুগ্রহ করে স্ত্রীর অনুমতি সাপেক্ষে যাকাত দিয়ে দেয় অথবা মহিলা স্বামীর নিকট থেকে টাকা নিয়ে যাকাত দিয়ে দেয় অথবা স্বামী স্ত্রীকে খরচের জন্য যে টাকা দেয়, তা থেকে বাঁচিয়ে দিয়ে দেয়, যাকাত আদায় হয়ে যাবে। যদি কোনো ব্যবস্থাই না-হয় তাহলে মহিলা তার অলংকার থেকেই যাকাত দিতে হবে। চাই অলংকারের চল্লিশ ভাগের এক ভাগ যাকাত দিক অথবা কারো থেকে কর্জ করে চল্লিশ ভাগের এক ভাগের মূল্য আদায় করুক। পরবর্তী সময়ে কর্জ পরিশোধ করে দেবে।[৩৫]

২. চল্লিশ ভাগের এক ভাগ এর অর্থ হলো চল্লিশ তোলার মধ্য থেকে এক তোলা। আর একশত তোলার মধ্যে আড়াই তোলা বা তার মূল্য।[৩৬]

৩. আল্লাহ তাআলা যখন এই মহিলাকে সাহেবে নেসাব বানিয়েছেন তখন সে মালদার হয়ে গেছে। এখন তার জন্য জরুরী হলো, সে বার্ষিক যাকাত আদায় করবে, নতুবা গুনাহগার হবে। আর কবর থেকে নিয়ে আখেরাত

---

৩২. আল-ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু : খণ্ড-২, পৃষ্ঠা-৭৬৭

৩৩. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২৮

৩৪. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২৬; বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১৭; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৮

৩৫. ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-১১২; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২১৭

৩৬. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৮; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৩০; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২৫; রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৯

পর্যন্ত আযাব ভোগ করতে থাকবে। তার কোনো ওজর শোনা হবে না। তবে আল্লাহ যদি তার খাস রহমতে মাফ করে দেন, এটা তার একান্ত অনুগ্রহ হবে। কিন্তু এই বিশেষ দয়া কার উপর হবে তা আমাদের জানা নেই।[৩৭]

❐ অল্প-অল্প করে সঞ্চিত টাকার বিধান

অল্প-অল্প করে সঞ্চিত টাকা সাড়ে বায়ান্ন তোলা রুপার মূল্যের সমপরিমাণ না-হওয়া পর্যন্ত যাকাত ফরয হবে না।[৩৮]

যে সময় সঞ্চিত এই টাকা সাড়ে বায়ান্ন তোলা রুপার মূল্যের সমপরিমাণ হবে এবং ঋণমুক্ত হবে, ওই ব্যক্তি সেই তারিখ থেকে সাহেবে নেসাব হয়ে যাবে। সেদিন থেকে আরবী চান্দ্র মাসের হিসাবে যখন এক বছর পূর্ণ হবে তখন তার উপর যাকাত আদায় করা ওয়াজিব হবে। বছরের মাঝখানে যদি ওই টাকা কম-বেশি হতে থাকে, সেটা ধর্তব্য হবে না। মোটকথা বছরের শুরু এবং শেষে নেসাব পরিমাণ মাল থাকা শর্ত।[৩৯]

তবে বছরের মধ্যখানে যদি নেসাব একেবারেই শেষ হয়ে যায়, নেসাবের পরিমাণ অবশিষ্ট না-থাকে, তাহলে পরবর্তী সময়ে যখন আবার নেসাব পরিমাণ মালের মালিক হবে তখন সে পুনরায় সাহেবে নেসাব বলে গণ্য হবে। আর ওই দিন থেকে পুনরায় এক বছর অতিবাহিত হওয়ার পর যাকাত আদায় করা ওয়াজিব হবে।[৪০]

❐ অল্প-অল্প করে যাকাত দেওয়া

১. কোনো ব্যক্তি বছরের শেষে একত্রে যাকাত আদায়ের পরিবর্তে প্রতি মাসে কিছু-কিছু করে আদায় করতে চাইলেও আদায় করতে পারবে, তা জায়েয আছে।[৪১]

২. যদি কোনো ব্যক্তি নেসাবের মালিক হওয়ার পর, অল্প-অল্প করে অগ্রিম যাকাত আদায় করে, তাও জায়েয আছে।[৪২]

---

৩৭. ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-১১২; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২১৭

৩৮. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৩

৩৯. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৫; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২৯; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩০২

৪০. তাতারখানিয়া আলা হামিশিল হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২৫১; বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১৫

৪১. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৭১

৪২. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৩

❒ অগ্রিম টাকা প্রদানের পর যাকাতের নিয়ত করা

ফেরত দেওয়ার শর্তে কর্মচারীকে অগ্রিম টাকা প্রদান করা হলো, কিন্তু টাকা ফেরত দেওয়ার সামর্থ্য তার নেই। এ জন্য টাকার মালিক যাকাতের নিয়ত করে ফেলল। এতে যাকাত আদায় হবে না। কেননা, টাকা দেওয়ার সময় যাকাতের নিয়ত ছিল না। আর যাকাত আদায় হওয়ার জন্য টাকা দেওয়ার সময় যাকাতের নিয়ত করা অথবা যাকাতের নিয়তে টাকা পৃথক করে রাখা জরুরী। আর এখানে দুই শর্তের কোনোটিই পাওয়া যায়নি। তবে এই একটি পদ্ধতি অবলম্বন করা যেতে পারে যে, যাকাতের নিয়তে তাকে সেই পরিমাণ টাকা দিয়ে, পরে তার থেকে ঋণ হিসেবে উসুল করে নেবে, তাহলে যাকাতও আদায় হয়ে যাবে এবং ঋণও উসুল হয়ে যাবে।[৪৩]

❒ অগ্রিম যাকাত আদায় করা

১. সাহেবে নেসাব ব্যক্তি যদি নেসাবের মালের উপর বছর পূর্ণ হওয়ার পূর্বেই অগ্রিম যাকাত দিয়ে দেয়, তাহলে যাকাত আদায় হয়ে যাবে।[৪৪]

২. এক নেসাবের যাকাত অগ্রিম দেওয়া যেমন জায়েয, তদ্রুপ কয়েক নেসাবের যাকাতও অগ্রিম দেওয়া জায়েয।[৪৫]

৩. সাহেবে নেসাব ব্যক্তির জন্য কয়েক বছরের যাকাত অগ্রিম আদায় করা জায়েয।[৪৬]

৪. এক ব্যক্তি দুই হাজার টাকা যাকাত দিলো। তার কাছে আছে মাত্র চল্লিশ হাজার টাকা, সে নিয়ত করল যদি আমার নিকট আরো চল্লিশ হাজার টাকা এসে যায়, তাহলে এই টাকা হলো অগ্রিম যাকাত। নতুবা এই টাকা থেকে এক হাজার টাকা হলো আগামী বছরের অগ্রিম যাকাত। এরূপ নিয়ত করা জায়েয আছে।[৪৭]

৫. এক ব্যক্তির নিকট এক লাখ টাকা আছে, কিন্তু তার ধারণা হলো তার

---

৪৩. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৭০, ২৭১, আল-বহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৪২

৪৪. আলমগিরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬, বাদায়েউস্ সানায়ে': খণ্ড-২, পৃষ্ঠা-৫১, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৩

৪৫. আলমগিরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৩; বাদায়েউস্ সানায়ে': খণ্ড-২, পৃষ্ঠা-৫১

৪৬. আলমগিরী: খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬,বাদায়েউস্ সানায়ে': খণ্ড-২, পৃষ্ঠা-৫১, বাদায়ে : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৩

৪৭. আলমগিরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬

নিকট দুই লাখ আছে, আর সে ধারণা অনুযায়ী দুই লাখেরই যাকাত দিয়ে দিল। পরবর্তী সময়ে জানতে পারল, তার নিকট এক লাখ টাকাই আছে তাহলে ওই ব্যক্তির জন্য অবকাশ আছে যে, যাকাত বাবদ আদায়কৃত অতিরিক্ত টাকা আগামী বছরের যাকাতের মধ্যে অন্তর্ভুক্ত করবে।[৪৮]

আ

❐ আতরের যাকাত

১. আতর বিক্রির জন্য হলে তা ব্যবসায়িক মাল। আর ব্যক্তিগত ব্যবহারের জন্য হলে ব্যবসায়িক মাল নয়।[৪৯]

২. আতর বিক্রির জন্য হলে এবং তার মূল্য নেসাব সমপরিমাণ বা তার চেয়ে বেশি হলে, বিক্রেয় মূল্যের হিসাবে বার্ষিক শতকরা আড়াই টাকা হারে যাকাত আদায় করতে হবে।[৫০]

৩. আতরের যাকাত নগদ টাকা দ্বারা দিতে যদি পেরেশানী হয়, তাহলে প্রত্যেক প্রকার আতর থেকে চল্লিশ ভাগের এক ভাগ করে যাকাতের উপযুক্তদেরকে মালিক বানিয়ে দেবে।[৫১]

❐ আদালতের রায়ের মাধ্যমে অর্জিত সম্পদের যাকাত

১. আদালতের রায়ের সঙ্গে-সঙ্গেই তার উপর যাকাতের নির্দিষ্ট পরিমাণ টাকা ওয়াজিব হয়ে গেছে। তবে টাকা উসুল হওয়ার পর যাকাত আদায় করা আবশ্যক হবে।[৫২]

২. টাকা পাওয়ার পর মামলার খরচ ওই টাকা থেকে কর্তন করা যাবে না; বরং পূর্ণ টাকার যাকাত আদায় করতে হবে।[৫৩]

❐ আমদানিকৃত মালের যাকাত

১. যে মাল ব্যবসায়ীদেরকে মুনাফার শর্তে দেওয়া হয়েছে এবং এর যে মূল্য

---

৪৮. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৬, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৪

৪৯. বাদায়েউল্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-২০, ২১

৫০. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২৮; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৮; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৩৮

৫১. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৯; রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৯; তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৪২

৫২. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৬

৫৩. ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ : খণ্ড-৬, পৃষ্ঠা-১৫৭

মুনাফার সঙ্গে নির্দিষ্ট করা হয়েছে, ওই মূল্য অনুযায়ী টাকা উসুল হওয়ার পর যাকাত ফরয হবে।

অর্থাৎ, যে পরিমাণ টাকা উসুল হবে, যদি এর পরিমাণ সাড়ে দশ তোলা রুপার মূল্যের কম না-হয়, তাহলে এর যাকাত আদায় করতে হবে। আর যে টাকা উসুল হয়নি, এর যাকাত আদায় করা আবশ্যক নয়।

২. যদি এ ধরনের টাকা উসুল করতে কয়েক বছর লেগে যায়, তাহলে উসুল হওয়ার পর বিগত বছরগুলোর যাকাত শতকরা আড়াই টাকা হারে আদায় করতে হবে।[৫৪]

৩. যদি এ ধরনের টাকা মার যায়, শেষ পর্যন্ত উসুল না-হয় তাহলে যাকাত আদায় করা ফরয হবে না।[৫৫]

❒ আফিম

আফিম খুব দামি একটি বস্তু।[৫৬] তাই তার মধ্যে এক-দশমাংশ উশর আদায় করা ওয়াজিব।[৫৭]

❒ আমানতদার যাকাতের টাকা খরচ করা

মাদরাসার মুহতামিম সাহেব ছাত্রদের যাকাতের টাকা কোনো ব্যক্তির নিকট আমানত রাখলেন। আমানতদারের জন্য নিজের প্রয়োজনে আমানতের টাকা খরচ করা জায়েয নেই। যদি সে ব্যক্তি নিজ প্রয়োজনে খরচ করে, তাহলে তাকে ক্ষতিপূরণ দিতে হবে। যখন সে আমানতের সম্পূর্ণ টাকা ফেরত দেবে তখন সে দায়িত্বমুক্ত হয়ে যাবে।[৫৮]

---

৫৪. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৫, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩০৫, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১০, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০৭, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৯, ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-১২৩

৫৫. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৬, আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৪, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৯

৫৬. আফিম : আফিম বা পপি গাছ থেকে উৎপন্ন হয় আফিম বা Opium নামক একটি পদার্থ। আফিম মাদকদ্রব্য হিসেবে প্রসিদ্ধ হলেও মরফিনজাতীয় ঔষধসহ বিভিন্ন ঔষধ তৈরীতে এর ভূমিকা রয়েছে। মাদকদ্রব্য হিরোইন ও ফেনসিডিলে এর ব্যবহার ব্যাপক। উত্তর ভারত, পাকিস্তান, থাইল্যান্ড, তুরস্ক, লাওস, মিয়ানমার, আফগানিস্তান, মেক্সিকো, কলম্বিয়া, হাঙ্গেরি সহ পৃথিবীর বহু স্থানে আফিমের বাণিজ্যিক চাষাবাদ রয়েছে। (https://en.wikipedia.org/wiki/Opium) –সম্পাদক

৫৭. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৬, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৩৭, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৩২৫

৫৮. আলমগীরী : খণ্ড-৪, পৃষ্ঠা-৩৪৮

❒ আমানতের টাকার উপর যাকাত

১. কারো আমানতের টাকা যদি আপনার কাছে থাকে তাহলে এর যাকাত প্রদান করা আপনার দায়িত্ব নয়। বরং যিনি আমানত রেখেছেন তার উপর দায়িত্ব হলো যাকাত প্রদান করা। তবে সে যদি আপনাকে যাকাত আদায় করার অধিকার প্রদান করে, তাহলে আপনি আমানতের টাকা থেকে যাকাত আদায় করতে পারবেন।[৫৯]

২. যায়েদের নিকট ওমর কিছু টাকা আমানত রেখে বিদেশ চলে গেছে। ওমর যায়েদকে টেলিফোন করে অথবা চিঠি লিখে অথবা ফ্যাক্স করে বলে দিয়েছে যে, আমার আমানতের টাকা থেকে তুমি যাকাত আদায় করে দাও। যায়েদ যাকাত আদায় করে দিলো অথবা যাকাতের টাকা দিয়ে দীনি কিতাব কিনে গরীব ছাত্রদেরকে দিয়ে দিলো, তাহলে যাকাত আদায় হয়ে যাবে।[৬০]

❒ আসমানী ফয়সালা

মানুষের বস্তুগত প্রয়োজনাদির সম্পর্ক বস্তুগত জিনিসের সঙ্গে। আর আল্লাহ তাআলার ফয়সালা হলো, বস্তুগত এসব উপায়-উপকরণ তিনি সমস্ত মানুষের মধ্যে সমভাবে বণ্টন করেননি। বরং কিছু মানুষকে জীবন যাপনের উপায়-উপকরণ এত অধিক পরিমাণে দিয়েছেন যে, তাদের প্রয়োজনের তুলনায় তা অনেক অনেক বেশি। আর কিছু মানুষকে জীবন যাপনের উপায়-উপকরণ এত কম পরিমাণে দিয়েছেন যে, তা দিয়ে তাদের নিত্যদিনেরই প্রয়োজন পূরণ হয় না। কুরআন মাজীদে ইরশাদ হয়েছে–

نَحْنُ قَسَمْنَا بَيْنَهُمْ مَّعِيْشَتَهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ لِّيَتَّخِذَ بَعْضُهُمْ بَعْضًا سُخْرِيًّا[৬১]

অর্থ : 'পার্থিব জীবনে তাদের জীবিকা আমি বণ্টন করে দিয়েছি এবং আমিই তাদের একজনকে অপরজনের উপর মর্যাদায় উন্নত করেছি, যাতে তাদের একে অন্যের দ্বারা কাজ নিতে পারে।'[৬১]

---

৫৯. আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৯, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০২, ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৯২

৬০. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯, আদ্ দুররুল মুখতার শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৮, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১০, ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭১, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৪০

৬১. সূরা যুখরুফ আয়াত : ৩২

দুনিয়ার ব্যবস্থাপনা টিকিয়ে রাখা এবং ভারসাম্য রক্ষার জন্য এই তারতম্য আবশ্যক। নতুবা দুনিয়ার এই নেজাম ও শৃঙ্খলা এলোমেলো ও উলট-পালট হয়ে যেত। কিন্তু আল্লাহ তাআলা ধনী ও গরীবদের মাঝে তারতম্য সৃষ্টি করে উভয়কে তাদের অবস্থার উপর স্বাধীনভাবে ছেড়ে দেননি; বরং আল্লাহ তাআলা নির্দেশ দিয়েছেন–

وَالَّذِينَ فِي أَمْوَالِهِمْ حَقٌّ مَّعْلُومٌ لِّلسَّائِلِ وَالْمَحْرُومِ

'ধনীদের অর্থ-সম্পদে ভিক্ষুক ও সম্পদ-বঞ্চিতদের জন্যে নির্ধারিত হক আছে।'[৬২]

অর্থাৎ, ধনীদের সম্পদে গরীব ও মিসকীনদের নির্ধারিত অংশ রয়েছে। যে সকল ধনী লোক গরীব ও মিসকীনদের নির্ধারিত অংশ দেয় না, তারা তাদের সম্পদ আত্মসাৎকারী এবং জালেম।

❒ আত্মসাৎকৃত মালের যাকাত

১. আত্মসাৎকৃত মালের যাকাত নেই। যদি মালিকের পরিচয় জানা থাকে, তাহলে মালিককে ফেরত দেবে। আর যদি মালিক বা তার ওয়ারিশদের পরিচয় জানা না-থাকে, তাহলে সমস্ত মাল সওয়াবের নিয়ত ছাড়া সদকা করে দেবে।[৬৩]

নতুবা আখেরাতে কঠিন শাস্তি ভোগ করতে হবে। এক দেরহামের বিনিময়ে সাতশত কবুল হওয়া নামাযের সওয়াব দিতে হবে।[৬৪]

২. এ কথা সুস্পষ্ট যে, আত্মসাৎ করা নাজায়েয ও হারাম। এ সম্পর্কে কঠোর ধমকি ও ভীতি প্রদর্শন করা হয়েছে।[৬৫]

❒ আয় যথেষ্ট কিন্তু ঋণী

কোনো ব্যক্তির আয় যথেষ্ট পরিমাণ, কিন্তু সে ঋণী। অধিক খরচের কারণে সে ঋণ আদায়ে সামর্থ্য রাখে না, তাহলে এমন ব্যক্তিকে ঋণ পরিশোধের জন্য যাকাত দেওয়া জায়েয।[৬৬]

---

৬২. সূরা মা'আরিজ, আয়াত : ২৪-২৫

৬৩. আদ্ দুররুল মুখতার : খণ্ড-৬, পৃষ্ঠা-২২৮; রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৯১

৬৪. আত তাযকিরাহ ফী আহওয়ালিল মাওতা ওয়া উমূরিল আখিরাহ : পৃষ্ঠা-৩১২

৬৫. বুখারী শরীফ: খণ্ড-১, পৃষ্ঠা-৩৩০, ৩৩১; মেশকাত শরীফ : পৃষ্ঠা-২৫৪

৬৬. তানভীরুল আবসার মা'আ রদ্দিল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৩, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৮, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠ-২৪১

❒ আয় কম এমন ব্যক্তিকে যাকাত প্রদান

যদি কোনো ব্যক্তির মাসিক আয় ৫০০০ হাজার টাকা হয়, আর তার মাসিক ব্যয় ৫০০০ হাজারের অধিক হয়, তাহলে এমন ব্যক্তিকে যাকাত দেওয়া জায়েয আছে। যদিও তার নিজের ঘর-বাড়ি থাকে।[৬৭]

❒ আয় পর্যাপ্ত হলে

১. কোনো ব্যক্তির মাসিক আয় প্রচুর। তবে পুরো বছর তার নিকট যাকাতের নেসাব পরিমাণ মাল জমা থাকে না। তার উপর যাকাত ফরয হবে না। এমন ব্যক্তিকে যাকাত অথবা সদকা দেওয়া জায়েয আছে এবং ওই ব্যক্তির জন্য তা গ্রহণ করাও জায়েয আছে।[৬৮]

২. কোনো ব্যক্তির মাসিক আয় প্রচুর ও পর্যাপ্ত। সারা বছরই তার কাছে যাকাতের নেসাব পরিমাণ মাল জমা থাকে, তাহলে সে ব্যক্তি সাহেবে নেসাব[৬৯]। এমন ব্যক্তিকে যাকাত দিলে যাকাত আদায় হবে না।[৭০]

❒ আয়ের হিসাব প্রতি বছর রাখা জরুরী কি না

আয় যদি কম-বেশি হতে থাকে অথবা মালের পরিমাণে পার্থক্য হতে থাকে, তাহলে প্রতি বছর আয়ের হিসাব রাখা জরুরী।[৭১]

অবশ্য যদি একই পরিমাণ টাকা কিংবা অলংকার ইত্যাদি কারো কাছে রাখা থাকে, যা ব্যতীত এমন কোনো আয় নেই যাতে যাকাত ফরয হতে পারে, তবে এক্ষেত্রে একবার হিসাব কষে নেওয়াই যথেষ্ট। তারপর প্রতি বছর ওই হিসাবেই যাকাত আদায় করবে।[৭২]

---

৬৭. রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৩৩৯

৬৮. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-২৬২, ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৩, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০৬, আদ্ দুরুরুল মুখতার মা'আ রদ : খণ্ড-২, পৃষ্ঠা-২৬২

৬৯. সাহেবে নেসাব : যে ব্যক্তির কাছে যাকাত ফরয হওয়া-পরিমাণ সম্পদ থাকে, তাকে সাহেবে নেসাব বা নেসাবের অধিকারী বলে। -সম্পাদক

৭০. ফাতাওয়া হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৯, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৪৪

৭১. বাদায়েউস্ সানায়ে': খণ্ড-২, পৃষ্ঠা-২০, ১৫,আল-বাহরুর রায়েক: খণ্ড-২, পৃষ্ঠা-২২৮; ২০২ ফাতাওয়া শামী: খণ্ড-২, পৃষ্ঠা-২৯৮, ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৯, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৩৭, ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-১৬৫, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৯

৭২. আদ্ দুরুরুল মুখতার শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৭৬

ই

❒ ইন্স্যুরেন্সের টাকার যাকাত

ইন্স্যুরেন্সের মধ্যে সূদ এবং জুয়া উভয়টিই অন্তর্ভুক্ত। ইসলামে সূদ ও জুয়া উভয়টিই হারাম। এ জন্য ইন্স্যুরেন্স করা বা করানো জায়েয নয়।[৭৩]

সূদ এই কারণে যে, দুর্ঘটনার কবলে পড়লে জমাকৃত টাকা থেকে অতিরিক্ত টাকা পাওয়া যায়, আর অতিরিক্ত টাকা সূদ। আর জুয়া হলো এই কারণে যে, যদি কোনো দুর্ঘটনা না-ঘটে, তাহলে জমাকৃত টাকা ফেরত পাওয়া যায় না, আর ইন্স্যুরেন্স কোম্পানী এই টাকার মালিক হয়ে যায় তখন এটা হয় জুয়া। (এ সম্পর্কে বিস্তারিত জানার জন্য মুফতী শফী রহ. এবং মুফতী ওলী হাসান রহ.-এর লিখিত "বীমায়ে জিন্দেগী" নামক কিতাব দেখে নিতে পারেন।)

যদি কেউ বীমা করে থাকেন, তাহলে তা বন্ধ করে দেওয়া উচিত। নতুবা সূদী লেনদেনে অংশীদার থাকার কারণে গুনাহগার হবেন। তথাপি এই বীমা বন্ধ না-করা পর্যন্ত আসল টাকার উপর যাকাত ফরয হবে এবং অতিরিক্ত টাকা নেওয়া জায়েয হবে না। তারপরও কোনো ব্যক্তি যদি অতিরিক্ত টাকা নিয়ে নেয়, তাহলে ফিরিয়ে দেওয়া সম্ভব হলে তা ফেরত দেবে। আর সম্ভব না-হলে সওয়াবের নিয়ত ছাড়া কোনো গরীব-মিসকীনকে দিয়ে দেবে।[৭৪]

❒ ইনকাম ট্যাক্স

ইনকাম ট্যাক্স আদায় করার দ্বারা যাকাত আদায় হবে না। বরং শতকরা আড়াই টাকা হারে হিসাব করে পৃথকভাবে যাকাত আদায় করা ফরয।[৭৫]

❒ ইমাম সাহেবকে বেতন হিসেবে যাকাত দেওয়া

কোনো-কোনো এলাকায় ইমামের জন্য কোনো বেতন-ভাতা নির্ধারণ করা হয় না। প্রথা হিসেবে মুসল্লিগণ এবং এলাকার অন্যান্য লোকজন ইমাম সাহেবকে যাকাত প্রদান করে থাকে। আর ইমাম সাহেব এর বিনিময়ে নামায পড়াতে থাকেন। শরয়ী দৃষ্টিকোণ থেকে এ প্রদ্ধতি জায়েয নেই। যাকাত প্রদানকারী

---

৭৩. সূরা বাকারা, আয়াত : ২৭৫, সূরা মায়েদা, আয়াত : ৯০

৭৪. ফাতাওয়া আল-কামেলিয়্যাহ ফিল হাওয়াদিসিল তরাবলুসিয়্যাহ : পৃষ্ঠা-১৫, ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৯, ফাতাওয়া শামী : খণ্ড-৬, পৃষ্ঠা-৩৮৫, খণ্ড-২, পৃষ্ঠা-২৯১

৭৫. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭০, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০১, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৭-২৫৮

এরূপ লোকদের যাকাত আদায় হবে না। কেননা, এটা বিনিময়ের মতো। আর বিনিময় হিসেবে যাকাত প্রদান করলে, যাকাত আদায় হবে না।[৭৬]

তবে ইমাম সাহেবকে যদি ইমামতীর বেতন-ভাতা পৃথকভাবে দেওয়া হয়, অপর দিকে ইমাম সাহেব গরীব, অভাবগ্রস্ত ও ঋণী হওয়ার কারণে তাকে আলাদাভাবে যাকাত দেওয়া হয়, তাহলে সহীহ হবে। যাকাত আদায় হয়ে যাবে এবং ইমাম সাহেবকে সহযোগিতা করাও হয়ে যাবে।[৭৭]

❐ ইমাম সাহেবকে যাকাত দেওয়া

১. ইমাম সাহেব যদি গরীব হন, যাকাতের নেসাবের মালিক না-হন অথবা ঋণী হন, তাহলে ইমাম সাহেবকে যাকাত দেওয়া এবং ইমাম সাহেবের জন্যে যাকাত গ্রহণ করা জায়েয হবে। এমতাবস্থায় কমিটি ও মুসল্লিদের জন্য উচিত হলো, অন্যদের উপর ইমাম সাহেবকে অধিক প্রাধান্য দেওয়া। যাতে তিনি জীবিকা নির্বাহের পেরেশানী থেকে মুক্ত হয়ে দীনের কাজ করতে পারেন।[৭৮]

২. ইমাম সাহেব যদি গরীব না-হন, বরং যাকাতের নেসাব পরিমাণ মালের মালিক হন, তাহলে জেনে-শুনে এমন ইমাম সাহেবকে যাকাত দেওয়া এবং ইমাম সাহেবের জন্য যাকাত গ্রহণ করা জায়েয হবে না।[৭৯]

৩. যাকাত এবং ওয়াজিব সদকার টাকা ইমাম সাহেবকে ইমামতীর বিনিময়ে বেতন-ভাতা হিসেবে দেওয়া জায়েয নেই। কেননা, যাকাতের টাকা বিনিময় ছাড়া কাউকে মালিক বানিয়ে দেওয়া শর্ত। কোনো জিনিসের বিনিময়ে দিলে যাকাত আদায় হবে না।[৮০]

৪. কোনো-কোনো অঞ্চলে মসজিদের ইমাম সাহেবকে সর্বাবস্থায় যাকাতের উপযুক্ত মনে করে। এটাও ঠিক নয়। কারণ, যাকাত পাওয়ার যোগ্য হলে তাকে দেওয়া হবে, নতুবা নয়।[৮১]

---

৭৬. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৯০, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৭৮, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩৫৬

৭৭. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৭, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৩৩৯, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৪০, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৪৩

৭৮. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৭, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৪

৭৯. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৯০, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩৫২, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৪৭

৮০. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০১, ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭০, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৭, ৩৫৬, আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৯০, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৭৮

৮১. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৯, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৭, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৪৪

বরং ইমাম সাহেবের সাহায্যের প্রয়োজন হলে যাকাতের পরিবর্তে নফল সদকা এবং হাদিয়া-তোহফা দিয়ে সাহায্য করা উচিত।[৮২]

❒ ইয়াকুত পাথরের যাকাত

১. ইয়াকুত পাথর ব্যবসার জন্য না-হলে, যাকাত ফরয হবে না।[৮৩]

২. ইয়াকুত যদি ব্যবসার জন্য হয়, তার মূল্য নেসাব বরাবর বা তার চেয়ে বেশি হয় অথবা ওই ব্যক্তি পূর্ব থেকেই সাহেবে নেসাব হয়, এক্ষেত্রে ইয়াকুত পাথরের বিক্রয় মূল্যের উপর বার্ষিক শতকরা আড়াই টাকা হারে যাকাত আদায় করতে হবে।[৮৪]

ঈ

❒ ঈসালে সওয়াবের জন্য যাকাতের টাকা দেওয়া

মৃত ব্যক্তির ঈসালে সওয়াবের জন্য যাকাতের টাকা দেওয়া জায়েয নেই। বরং ঈসালে সওয়াবের জন্য যাকাত এবং ওয়াজিব সদকা ব্যতীত অন্যান্য হালাল টাকা দেওয়া আবশ্যক। নতুবা মৃত ব্যক্তির নিকট সওয়াব পৌঁছবে না।[৮৫]

❒ ঈদ উপলক্ষে যাকাতের টাকা দিয়ে বখশিশ দেওয়া

যাকাতের হকদার ব্যক্তিদেরকে ঈদের বখশিশ নামে যাকাতের টাকা দেওয়া জায়েয। অবশ্য দেওয়ার সময় মনে-মনে যাকাতের নিয়ত করে নেবে।[৮৬]

উ

❒ উকিলকে[৮৭] যাকাত প্রদানের পূর্ণ এখতিয়ার দেওয়া

১. যাকাতদাতা উকিলকে বলল, যাকাতের এই টাকা যাকে চাও দিয়ে দাও

---

৮২. আদ্ দুররুল মুখতার মা'আ রদ্দিল মুহতার : খণ্ড-৫, পৃষ্ঠা-৩৮৭

৮৩. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮০, আল-বাহরুর রায়েক: খণ্ড-২, পৃষ্ঠা-২৪৩, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৭২, আদ্ দুররুল মুখতার মা'আ রদ্দিল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৪

৮৪. প্রাগুক্ত

৮৫. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৮, আল-বাহরুর রায়েক খণ্ড-২, পৃষ্ঠা-২৪৩, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৪, তাতারখানিয়া : খণ্ড-২/২৭২, বাদায়েউস্ সানায়ে : খণ্ড-২, পৃষ্ঠা-৩৯

৮৬. আদ্ দুররুল মুখতার শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৬ তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৭৮ ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৯০ আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১২

৮৭. উকিল বানানোর অর্থ হলো, কাউকে যাকাত পৌঁছে দেওয়ার জন্য দায়িত্ব প্রদান করা। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বলা হয় 'উকিল' আর দায়িত্ব প্রদানকারীকে বলা হয় 'মুয়াক্কেল' বা 'মক্কেল'। –সম্পাদক

তাহলে উকিলের জন্য আবশ্যক হলো, যাকাতের এই টাকা যাকাতের হকদার কোনো ব্যক্তিকে দিয়ে দেওয়া। এই টাকা উকিলের নিজের জন্য খরচ করা জায়েয হবে না।[৮৯]

২. মালিকের পক্ষ থেকে উকিলকে বলা হলো, 'যাকে চাও দিয়ে দাও' এক্ষেত্রে উকিল যদি এই টাকা নিজের জন্য খরচ করে, তাহলে মালিকের যাকাত আদায় হবে না। উকিলের জিম্মায় ক্ষতিপূরণ ওয়াজিব হবে।[৯০]

৩. 'যাকে চাও দিয়ে দাও' এ বাক্যের উদ্দেশ্য হলো, উকিল বানানো। অর্থাৎ, অন্যের উপর দায়িত্ব অর্পণ করা। মালিক বানানো নয়। সুতরাং অন্য কোনো ব্যক্তিকে দিয়ে দেওয়া আবশ্যক হবে। সে নিজের জন্য খরচ করতে পারবে না। নতুবা উকালতির জিম্মাদারী আদায় হবে না।[৯১]

❒ উকিল অন্য কাউকে তার প্রতিনিধি বানাতে পারবে

কাউকে যাকাতের টাকা আদায়ের জন্য উকিল নিযুক্ত করলে, সে নিজেই কোনো দরিদ্রকে দিতে পারবে কিংবা কাউকে প্রতিনিধি বানিয়ে যাকাত আদায়ের দায়িত্ব হস্তান্তরও করতে পারবে।[৯২]

❒ উকিল কখন নিজে যাকাত নিতে পারবে

যাকাত গ্রহণের উপযুক্ত উকিল, মালিকের যাকাত নিজের কাজে ব্যয় করা এবং নিজে রেখে দেওয়া জায়েয নেই। তবে মালিক যদি এ কথা বলে দেয় যে, "যেখানে ইচ্ছা খরচ কর" এক্ষেত্রে উকিল যদি নিজেই যাকাত গ্রহণের উপযুক্ত হয়, তাহলে নিজে রাখতে পারবে এবং নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার করতে পারবে।[৯২]

❒ উকিল কর্তৃক যাকাতের টাকায় পণ্য ক্রয় করে দেওয়া

উকিলের জন্য মুআক্কিলের তথা যাকাতদাতার অনুমতি ব্যতীত যাকাতের টাকা

---

৮৮. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১; আল-ফিকহুল ইসলামী ওয়া আদিল্লাতুহু : খণ্ড-২, পৃষ্ঠা-৮৯১; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

৮৯. প্রাগুক্ত

৯০. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

৯১. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৭০, বাজ্জাজিয়াহ আলা হামিশিল হিন্দিয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-৮৬, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৪, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, খোলাসাতুল ফাতাওয়া : খণ্ড-১, পৃষ্ঠা-২৪৪

৯২. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৪

দিয়ে কোনো জিনিস যেমন : কাপড়, জুতা, খাদ্যদ্রব্য, ফল ইত্যাদি ক্রয় করে দেওয়া জায়েয নেই।[৯৩]

অবশ্য মুআক্কিলের পক্ষ থেকে প্রত্যক্ষ বা পরোক্ষ অনুমতি পাওয়া গেলেই তা জায়েয হবে।

❒ উকিল কর্তৃক যাকাতের টাকা পরিবর্তন করা

১. এক ব্যক্তি গরীব-মিসকীনদেরকে দেওয়ার জন্য যাকাতের কিছু টাকা উকিলকে দিয়েছে। উকিল উক্ত টাকার মধ্যে কিছু পরিবর্তন ঘটায়। অর্থাৎ, দশ টাকার দশটি নোট নিয়ে ১০০ টাকার একটি নোট রেখে দেয়। ১০০ টাকার নোট গরীবদেরকে দিয়ে দেয়। এক্ষেত্রে যাকাত আদায় হয়ে যাবে।

তবে যাকাতের টাকা পরিবর্তন বৈধ হওয়া না-হওয়া মুআক্কিলের প্রত্যক্ষ বা পরোক্ষ অনুমতির উপর ভিত্তিশীল। যদিও সামাজিক প্রচলনে তার পরোক্ষ অনুমতি রয়েছে, তথাপি প্রত্যক্ষ অনুমতি নিয়ে নেওয়া উত্তম।[৯৪]

২. মুআক্কিল তথা যাকাতদাতা গরীব-মিসকীনকে দেওয়ার জন্য যাকাতের কিছু টাকা উকিলকে দিয়েছে। কিন্তু উকিল গরীব-মিসকীনকে হুবহু ওই টাকা দেয়নি। বরং নিজের পকেট থেকে দিয়ে দিয়েছে। আর সে মনে-মনে খেয়াল করে নিয়েছে যে, মুআক্কিলের দেওয়া টাকা থেকে নিয়ে নেবে। এক্ষেত্রে যাকাত আদায় হয়ে যাবে। তবে শর্ত হলো উকিলের নিকট মুআক্কিলের দেওয়া টাকা মজুদ থাকা এবং উকিল তার টাকার পরিবর্তে মুআক্কিলের টাকা গ্রহণ করে নেওয়া।[৯৫]

৩. উকিল মুআক্কিলের দেওয়া যাকাতের টাকা গরীব-মিসকীনকে না-দিয়ে খরচ করে ফেলে। পরবর্তী সময়ে নিজের টাকা থেকে গরীব-মিসকীনকে দিয়ে দেয়। তাতে মুআক্কিলের যাকাত আদায় হবে না।[৯৬]

৪. উকিল মুআক্কিলের দেওয়া টাকা নিজের কাছে রাখল। কিন্তু গরীব ব্যক্তিকে নিজের পক্ষ থেকে টাকা দেওয়ার সময় এ নিয়ত করেনি যে, এখন আমি আমার পকেট থেকে মুআক্কিলের যাকাত আদায় করে দিচ্ছি। পরবর্তী সময়ে মুআক্কিলের টাকা নিয়ে নেব, তাহলেও যাকাত আদায় হবে না। তাই মুআক্কিলের জন্য জরুরী হলো পুনরায় যাকাত আদায় করা।[৯৭]

---

৯৩. আহসানুল ফাতাওয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-২৯০, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১

৯৪. আহসানুল ফাতাওয়া : খণ্ড-৪, পৃষ্ঠা-২৯০, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১

৯৫. আদ্ দুরুরুল মুখতার শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

৯৬. রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

৯৭. প্রাগুক্ত

তবে নিজের পকেট থেকে টাকা দেওয়ার সময় যদি এ নিয়ত করে নেয় যে, এখন আমি আমার পকেট থেকে দিচ্ছি, পরবর্তী সময়ে মুআক্কিলের টাকা থেকে নিয়ে নেব, তাহলে মুআক্কিলের যাকাত আদায় হয়ে যাবে।[৯৮]

৫. মুআক্কিলের অনুমতি ব্যতীত উকিলের জন্য মুআক্কিলের যাকাতের টাকা নিজের টাকার সঙ্গে মিশ্রিত করা জায়েয নেই। এ কারণে উকিলের জন্য জরুরী হলো, মুআক্কিলের যাকাতের টাকা পৃথক করে রাখা।[৯৯]

❒ উকিল তার নিকটাত্মীয়দের যাকাত দিতে পারবে

১. কাউকে যাকাত আদায়ের জন্য উকিল বানানো হলে, সে তার নিকটাত্মীয়দের যাকাত দিতে পারবে।

২. যাকাত পাওয়ার উপযুক্ত হলে, উকিল তার সন্তান, স্ত্রী, মাতা-পিতাকেও মালিকের যাকাত দিতে পারবে।[১০০]

৩. অবশ্য উকিল তার নিজের যাকাত তাদেরকে দিতে পারবে না।[১০১]

❒ উকিল যাকাত গ্রহণের উপযুক্ত হলে

জনৈক ব্যক্তি যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তিকে উকিল নিয়োগ করল, যাতে সে যাকাতের টাকা যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তিকে দিয়ে দেয়। উকিলের জন্য জরুরী হলো, সে যেন কোনো গরীব ব্যক্তিকে যাকাতের টাকা দিয়ে দেয়। চাই সে গরীব ব্যক্তি নিজের আত্মীয় হোক না কেন। উকিল নিজে গরীব হলেও এই যাকাতের টাকা নিজ ব্যক্তিগত কাজে ব্যবহার করা জায়েয হবে না।[১০২]

অবশ্য যদি যাকাতদাতা যাকাতের টাকা দেওয়ার পর উকিলকে বলে, "যা ইচ্ছা করো, যাকে ইচ্ছা দিয়ে দাও" এক্ষেত্রে যাকাতের টাকা উকিল নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার করা জায়েয হবে, যদি সে যাকাত গ্রহণের উপযুক্ত হয়।[১০৩]

উভয়ের মধ্যে পার্থক্য হলো এই যে, প্রথম ক্ষেত্রে উকিল ব্যতীত অন্য ব্যক্তিকে ব্যয়খাত বানানো হয়েছে। আর দ্বিতীয় ক্ষেত্রে উকিলকে বাদ দিয়ে অন্য কাউকে ব্যয়খাত বানানো হয়নি।

---

৯৮. প্রাগুক্ত

৯৯. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১০, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৬

১০০. রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১

১০১. আলমগিরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৮, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০১, ২৪৩, ফাতহুল কাদীর : খণ্ড-২, পৃষ্ঠা-২০৯, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-৩৪৬

১০২. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৪, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

১০৩. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৪, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

❒ উকিল যাকাত আদায়ের পূর্বেই মুআক্কিলের মৃত্যু হলে

মুআক্কিল যাকাতের নিয়তে যাকাতের টাকা উকিলকে দিয়ে দিল। এখনো উকিল যাকাত আদায় করেনি, ইতোমধ্যে মুআক্কিলের ইন্তেকাল হয়ে গেল। এ টাকার হুকুম হলো : মৃত ব্যক্তি যদি অসিয়ত করে থাকে, তাহলে যাকাত হিসেবে দিয়ে দেবে। কেননা, তা মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পদের এক তৃতীয়াংশের কম।

আর মৃত ব্যক্তি যদি অসিয়ত না-করে থাকে, তাহলে উক্ত টাকা পরিত্যক্ত সম্পদের সঙ্গে অন্তর্ভুক্ত করে ওয়ারিশদের মাঝে বণ্টন করে দেবে। কেননা, উকিল গরীবের স্থলাভিষিক্ত নয়। আর মুআক্কিলের মৃত্যুর কারণে উকিলের ওকালত শেষ হয়ে গেছে। এ জন্য মুআক্কিলের মৃত্যুর পর উকিলের জন্যে উক্ত টাকা যাকাত হিসেবে ব্যয় করার অধিকার নেই।

তবে সকল ওয়ারিশ যদি বালেগ হয়, সকলেই সন্তুষ্টচিত্তে যাকাত আদায় করে দেয়, তাহলে মৃতের উপর অনেক বড় এহসান হবে।[১০৪]

❒ উকিলের টাকার সঙ্গে মুআক্কিলের টাকা মিশ্রিত করা

১. উকিল নিজের টাকার সঙ্গে মুআক্কিলের যাকাতের টাকা মিশ্রিত করা জায়েয নেই।

২. তবে মুআক্কিলের পক্ষ থেকে যদি অনুমতি থাকে তাহলে জায়েয হবে।[১০৫]

❒ উকিলের কাছ থেকে যাকাতের টাকা হারিয়ে গেলে

যদি উকিলের নিকট থেকে মুআক্কিলের যাকাতের টাকা হারিয়ে যায়, তাহলে মুআক্কিলের যাকাত আদায় হবে না। উকিল যদি টাকা সংরক্ষণে কোনো প্রকার ত্রুটি না-করে, তাহলে উক্ত টাকার ক্ষতিপূরণ দিতে হবে না।

তবে উকিল যদি উক্ত টাকা সংরক্ষণে গাফলতি ও ত্রুটি করে, তাহলে তাকে ক্ষতিপূরণ দিতে হবে।[১০৬]

❒ উটের যাকাত

একটি উট থেকে চারটি উট পর্যন্ত যাকাত মাফ। চার উট পর্যন্ত যাকাত ফরয হয় না। এর পরবর্তী হিসাব অন্য কিতাবে দেখে নেবেন।[১০৭]

---

১০৪. তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৯৬, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৫৩

১০৫. ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯, তাতারখানিয়া : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৬, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১০

১০৬. আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১১, রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬৯

১০৭. আদ্ আদ্ দুররুল মুখতার মাআ' রদ্দিল মুহতার: খণ্ড-২, পৃষ্ঠা-২৭৭, হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৭, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১৩

❒ উত্তরাধিকারসূত্রে পাওয়া সম্পদের যাকাতের বিধান

১. মৃতের পরিত্যক্ত সম্পত্তি বণ্টন করার পর, প্রত্যেক ওয়ারিশ অংশ হিসেবে যে পরিমাণ সম্পদ পাবে, যদি তা নেসাব সমপরিমাণ হয়, আর সে বালেগ হয়, তাহলে যাকাত ফরয হবে। আর নাবালেগ হলে, তার উপর যাকাত ফরয হবে না।[১০৮]

২. ওয়ারিশ যদি পূর্ব থেকেই নেসাবের মালিক হয়ে থাকে তাহলে তার নেসাবের বছর পূর্ণ হওয়ার পর উত্তরাধিকারসূত্রে পাওয়া সম্পদেরও যাকাত আদায় করতে হবে। যদিও উত্তরাধিকারসূত্রে সম্পদ পাওয়ার পর সম্পদের উপর বছর অতিবাহিত না-হয়।

উত্তরাধিকারী পূর্ব থেকেই যদি নেসাবের মালিক না-হয়, উত্তরাধিকারসূত্রে সম্পদ পাওয়ার পর নেসাবের মালিক হয়, তাহলে উত্তরাধিকারসূত্রে পাওয়া সম্পদের উপর এক বছর পূর্ণ হওয়ার পর যাকাত ফরয হবে, এর পূর্বে নয়।[১০৯]

৩. এক ব্যক্তির ইন্তেকাল হয় তিন বছর পূর্বে। উত্তরাধিকারসূত্রে তিন বছর পর তার কোনো ওয়ারিশ সম্পদ বা অর্থ পেয়েছে। সেক্ষেত্রে তাকে পূর্ববর্তী তিন বছরের যাকাত আদায় করতে হবে না। কেননা, অগ্রাধিকার প্রাপ্ত মতানুসারে এটি "দুর্বল ঋণ"। আর দুর্বল ঋণ থেকে বিগত বছরের যাকাত আদায় করা আবশ্যক নয়। এ জন্য ওয়ারিশী সম্পদ বণ্টনে বিলম্ব না-করা উচিত। নতুবা বণ্টনে বিলম্বকারী গুনাহগার হবে।[১১০]

৪. যদি সকল ওয়ারিশ সন্তুষ্টচিত্তেই একান্নভুক্ত হিসেবে বসবাস করে থাকে আর প্রত্যেকের অংশে নেসাব পরিমাণ অথবা তার চেয়েও বেশি সম্পদ আছে, সেক্ষেত্রে প্রতি বছরে যৌথভাবে অথবা পৃথকভাবে যাকাত আদায় করতে হবে।[১১১]

❒ উদাসীনতার কারণে যাকাত না-দিলে

নেসাবের মালিক উদাসীনতার কারণে বা অন্য কোনো কারণে বিগত এক বছরের

---

১০৮. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৩, ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৮; বাদায়েউস্ সানায়ে : খণ্ড-২, পৃষ্ঠা-৪; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০২

১০৯. আলমগীরী : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৫; বাদায়েউস্ সানায়ে : খণ্ড-২, পৃষ্ঠা-১৩ : খণ্ড-২, পৃষ্ঠা-৪৬; ফাতাওয়া শামী : খণ্ড-২, পৃষ্ঠা-২৮৮; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২২

১১০. আল-মাবসূত লিস সারাখসী : খণ্ড-৩, পৃষ্ঠা-৪১

১১১. ফাতাওয়া শামী : খণ্ড-৪, পৃষ্ঠা-৩২৫; আদ্ দুররুল মুখতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৫৯; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০৩; ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭৩

যাকাত আদায় করেনি। তা মাফ হবে না। বরং যাকাত আদায় করতে হবে। এই যাকাত আদায়ের পদ্ধতি হলো, পরবর্তী বছরে বর্তমান বছর এবং পেছনের এক বছর উভয় বছরের যাকাত আদায় করবে।[১১২]

আর এক্ষেত্রে হিসাব এভাবে করবে যে, গত বছরের যাকাতবর্ষ পূর্ণ হওয়ার দিন যে পরিমাণ সোনা-রুপা, নগদ টাকা সম্পদ ছিল, প্রথমে ওই সম্পদের যাকাত দিয়ে দেবে। অতঃপর এই বছর যে পরিমাণ সম্পদ, নগদ টাকা ইত্যাদি আছে, এর যাকাত দিয়ে দেবে। আর এই বছর যে পরিমাণ অতিরিক্ত টাকা ইত্যাদি মজুদ হবে তার যাকাতও দিয়ে দেবে।[১১৩]

❒ উপহার/গিফটের নামে যাকাত দেওয়া

যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তিকে গিফট বা উপহারের নামে যাকাত দেওয়া জায়েয। তবে শর্ত হলো, অন্তরে যাকাত দেওয়ার নিয়ত থাকতে হবে।[১১৪]

❒ উপার্জনে সক্ষম ব্যক্তিকে যাকাত দেওয়া

যে গরীব নেসাবের মালিক নয় এবং তার কাছে এই পরিমাণ টাকা নেই, যা দ্বারা নিজের এবং নিজের অধীনস্থদের (ভরণ-পোষণসহ) প্রয়োজনাদি পূরণ হয়। তাকে যাকাত দেওয়া জায়েয। যদিও সে সুস্থ, সবল ও উপার্জনে সক্ষম হয়। কেননা, সে গরীব। আর গরীব যাকাতের ব্যয়খাতের অন্তর্ভুক্ত।

এতদ্ব্যতীত বাস্তব দরিদ্রের সন্ধান পাওয়া দুষ্কর। এ জন্য যদি কেউ যাকাতের নেসাব পরিমাণ মালের মালিক না-হয়, তাহলে নেসাবের মালিক না-হওয়াকেই অভাবগ্রস্ত দরিদ্র হিসেবে গণ্য করা হবে।[১১৫]

❒ উরফ তথা প্রচলন বলতে কি বুঝায়?

১. উরফ এর অর্থ : প্রথা; প্রচলন; রেওয়াজ। প্রত্যেক সমাজের প্রথা ও প্রচলিত রীতিনীতিকে তার উরফ বলা হয়। সুতরাং যেসব মাসআলার ভিত্তি উরফ এর উপর, তার হুকুম উরফ মোতাবেক হবে।[১১৬]

---

১১২. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৭; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২০৪; রদ্দুল মুহতার : খণ্ড-২, পৃষ্ঠা-২৬০

১১৩. বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-১৩; আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২২২; আদ্ দুররুল মুখতার মা'আ' রদ্দিল মুহতার: খণ্ড-২, পৃষ্ঠা-২৮৮

১১৪. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৭১, আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২১২

১১৫. ফাতাওয়ায়ে হিন্দিয়া : খণ্ড-১, পৃষ্ঠা-১৮৯

১১৬. শরহে উক্বূদে রসমুল মুফতী : পৃষ্ঠা-১১৭, ১১৮

যেমন : কোনো-কোনো সমাজের প্রচলন হলো যে, বিয়ের সময় নববধূকে যে অলংকার দেওয়া হয়, তা মালিকানা হিসেবে দেওয়া হয় না, বরং ধার হিসেবে ব্যবহার করতে দেওয়া হয়, ওইসব অলংকারের মালিক স্বামী হবে, স্ত্রী নয়। এমন সব অলংকারের যাকাত স্বামী আদায় করবে, স্ত্রী নয়।

আল্লাহ না করুন, স্বামী যদি স্ত্রীকে তালাক দিয়ে দেয়, তাহলে এই অলংকার স্বামী পাবে। তালাকপ্রাপ্তা স্ত্রীর জন্য নেওয়া জায়েয হবে না। এমন সমাজে বিয়ে হলে, স্ত্রী যদি অলংকারের মালিক হতে চায়, তাহলে শুরুতেই শর্ত করে নেবে যে, স্বামীর পক্ষ থেকে স্ত্রীকে যে সব অলংকার দেওয়া হবে, এগুলোর মালিক স্ত্রী হবে। তখন স্ত্রী মালিক হবে। যাকাতও স্ত্রীকেই আদায় করতে হবে।

২. আর যদি সমাজের প্রথা-প্রচলন এমন হয় যে, নববধূকে যেসব অলংকার দেওয়া হয়, তা শুধু ব্যবহারের জন্য দেওয়া হয় না, বরং নববধূকে মালিক বানিয়ে দেওয়া হয়, তাহলে অলংকারের যাকাত স্ত্রীকে আদায় করতে হবে।

তালাক হয়ে গেলে এইসব অলংকার স্ত্রীই পাবে, স্বামী পাবে না। এই অলংকার ফিরিয়ে নেওয়ার অধিকার স্বামীর থাকবে না।[১১৭]

যদি স্বামীর অলংকার ফিরিয়ে নেওয়ার ইচ্ছা থাকে, তাহলে দেওয়ার সময়ই বলে দেবে যে, শুধু ব্যবহারের জন্য দেওয়া হয়েছে। মালিকানা হিসেবে দেওয়া হয় নাই। এই অলংকারের যাকাত স্বামীকেই আদায় করতে হবে।

❒ উশর[১১৮] অনাদায়ী থাকলে

জনৈক ব্যক্তির জিম্মায় বিগত বছরের উশর অনাদায়ী রয়ে গেছে। এখনো তা আদায় করেনি। তার উশর রহিত হবে না; বরং বিগত বছরের উশর আদায় করা ওয়াজিব। অনাদায়ে মৃত্যুকালে অসিয়ত করে যাওয়াও তার জন্য ওয়াজিব।[১১৯]

---

১১৭. আদ্ দুরুরুল মুখতার শামী : খণ্ড-৫, পৃষ্ঠা-৬৯০

১১৮. উশর : ফসলের যাকাত। শাব্দিক অর্থ : একদশমাংশ। পরিভাষায়: মুসলিম নাগরিকের কাছ থেকে তার "উশরী" জমিতে উৎপন্ন ফসলের যে এক-দশমাংশ বা এক-বিশাংশ যাকাত বা সাদাকাহ হিসেবে নেওয়া হয়, তাকে উশর বলে। আর উশরী জমি হলো: যে জমির মালিকানা থাকা-অবস্থায় মালিক ইসলাম গ্রহণ করেছে। কাফেরদের কাছ থেকে যুদ্ধজয়ের মাধ্যমে যে জমি করায়ত্ত করা হয়, তা উশরী জমি নয়। তাছাড়া আরবদেশের সকল জমিই উশরী জমি– সেগুলোর মালিক স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করুক কিংবা যুদ্ধজয়ের মাধ্যমে তা মুসলমানদের হস্তগত হোক। (মাউসুআহ ফিকহিয়্যাহ কুওয়াইতিয়্যাহ : ১৯/৫৩; ৩/১১৯) –সম্পাদক

১১৯. আদ দুরুরুল মুখতার মা'আর রদ : খণ্ড-২, পৃষ্ঠা-৩৩২ আল-বাহরুর রায়েক : খণ্ড-২, পৃষ্ঠা-২৩৭ বাদায়েউস্ সানায়ে' : খণ্ড-২, পৃষ্ঠা-৫৩